



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৬৫/টাং/৬৮৮৫

তারিখ: ২৪/১২/২০২৪ খ্রি.

বিষয়: বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব কাজী জহুরুল কে চূড়ান্ত বরখাস্তকরণ প্রসঙ্গে।

- সূত্র: ১) বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ০৫/০৯/২০২৪ তারিখের আবেদন।
২) বোর্ডের ০৩/১২/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।
৩) বোর্ডের ১০/১২/২০২৪ তারিখের আপিল অ্যান্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।
৪) বোর্ডের ১৯/১২/২০২৪ তারিখের অনুষ্ঠিত ২৩৩ তম বোর্ড সভার অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলাধীন অর্জুনা মহসীন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব কাজী জহুরুল- এর বিরুদ্ধে আনীত “সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব মোছাঃ রাবেয়া-কে অনৈতিক প্রস্তাব, অনৈতিক কর্মকাণ্ড ও যৌন হয়রানির” অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুমোদনের সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, বোর্ডের আপিল অ্যান্ড আরবিট্রেশন কমিটির ১০/১২/২০২৪ তারিখের সভায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ পূর্বক ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাকে চাকুরি হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ১৯/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩৩তম বোর্ড সভায় বর্ণিত বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব কাজী জহুরুল- এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৯৬৬৯৮১৩

সভাপতি

এডহক/ম্যানেজিং কমিটি

অর্জুনা মহসীন উচ্চ বিদ্যালয়

অর্জুনা, ভূঞাপুর, টাঙ্গাইল।

মেমো নং- ৬৮৮৫ (০০)

তারিখ: ২৪/১২/২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), অর্জুনা মহসীন উচ্চ বিদ্যালয়, অর্জুনা, ভূঞাপুর, টাঙ্গাইল
- ৮। জনাব কাজী জহুরুল, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), অর্জুনা মহসীন উচ্চ বিদ্যালয়, অর্জুনা, ভূঞাপুর, টাঙ্গাইল
- ৯। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১০। অফিস কপি।

সচিব ২৫/১২/২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

২৩/১২/২০২৪